**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nilg.gov.bd

# মূল্যায়ন সমীক্ষা প্রস্তাব আহ্বান

নং-৪৬.১৮.০০০০.০০৪.০১.০০৩.১২.৯৪(৩) তারিখ: ১৯.০১.২০২০

ইনস্টিটিউটের রাজস্ব খাতের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে **“এনআইএলজি পরিচালিত ইউনিয়ন পরিষদ সচিবদের বুনিয়াদি প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন সমীক্ষা”** পরিচালনায় আগ্রহী প্রতিষ্ঠানের নিকট থেকে মূল্যায়ন সমীক্ষা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

আগ্রহী প্রতিষ্ঠানকে ১০(দশ) কপি সমীক্ষা প্রস্তাব আগামী ০৯ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে বিকেল ৫.০০টার মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। সমীক্ষা প্রস্তাবের বাজেট হবে ভ্যাট ও আয়করসহ অনূর্ধ্ব ৮,৫০,০০০.০০ (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। প্রাপ্ত প্রস্তাবসমূহ পিপিআর-২০০৮ অনুসারে মূল্যায়ন করে প্রতিষ্ঠান নির্বাচিত করা হবে। সমীক্ষা প্রস্তাব সংক্রান্ত (ToR) ইনস্টিটিউটের ওয়েব সাইট (www.nilg.gov.bd) এ পাওয়া যাবে। উপরোক্ত বিষয়ে কোন তথ্য জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন ডকুমেন্টেশন কর্মকর্তা (মোবাইল নং: ০১৮৬০৬৭৩৫৭১) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

কর্তৃপক্ষ যে কোন প্রস্তাব গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৯.০১.২০২০
মো: মনিরুজ্জামান
(যুগ্মসচিব)
পরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন)
ফোন: ৫৫০০৬৯৮১

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
২৯, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা।
www.nilg.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**এনআইএলজি পরিচালিত ইউনিয়ন পরিষদ সচিবদের বুনিয়াদি প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন সমীক্ষা**
**২০১৯-২০২০**
**টার্মস অব রেফারেন্স (টিওআর)**

**১.১ ভূমিকাঃ**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় সম্পৃক্ত মানব সম্পদ উন্নয়নে নিয়োজিত একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। বিগত ৫০ বছর যাবত এ প্রতিষ্ঠানটি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী, গতিশীল ও জনবান্ধব করে গড়ে তুলতে আধুনিক পদ্ধতি, কলাকৌশল ও উপকরণভিত্তিক প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। এনআইএলজি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য যেসব প্রশিক্ষণের আয়োজন করে থাকে তার মধ্যে অন্যতম হচ্ছে- পৌরসভা/ইউনিয়ন পরিষদ সচিবদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, নির্বাচিত জনপ্রতিনিধিদের জন্য প্রশাসন অবহিতকরণ কোর্স, রিফ্রেশার্স কোর্স, প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্স, চাহিদাভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ কোর্স ইত্যাদি। এসব প্রশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত জ্ঞান প্রশিক্ষণার্থীগণ কর্মক্ষেত্রে কতটা কার্যকরভাবে প্রয়োগ করতে পারছেন তা জানা বা পর্যবেক্ষণ করা এ প্রতিষ্ঠানের মূল্যায়ন কার্যক্রমের একটি উল্লেখযোগ্য অংশ। মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্যের ওপর ভিত্তি করে মাঠ পর্যায়ে বিষয়ভিত্তিক প্রশিক্ষণের সঠিক ও যুগোপযোগি চাহিদা নিরুপণ করা সম্ভব হয়ে থাকে। এ কার্যক্রমের অংশ হিসাবে চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বিগত সময়ে পরিচালিত "ইউনিয়ন পরিষদ সচিবদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স" এর কার্যকারিতা অধিকতর বস্তুনিষ্ঠভাবে যাচাই/মূল্যায়ন এর নিমিত্ত একটি "মূল্যায়ন সমীক্ষা" পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

**১.২ এনআইএলজি'তে ২০১৯-২০২০ অর্থ বছরে নিম্নলিখিত বিষয়ে মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করা হবেঃ**

"এনআইএলজি পরিচালিত ইউনিয়ন পরিষদ সচিবদের বুনিয়াদি প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন সমীক্ষা"

**১.৩ মূল্যায়ন সমীক্ষা প্রস্তাবে প্রধানতঃ নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকবেঃ**

(ক) শিরোনাম;
(খ) ভূমিকা;
(গ) মূল্যায়ন সমীক্ষার যৌক্তিকতা;
(ঘ) মূল্যায়ন সমীক্ষার উদ্দেশ্য;
(ঙ) মূল্যায়ন সমীক্ষার পরিধি;
(চ) মূল্যায়ন সমীক্ষার পদ্ধতি (বিশদ বিবরণসহ);
(ছ) উপাত্ত বিশ্লেষণ/উপাত্ত উপস্থাপন পরিকল্পনা;
(জ) মূল্যায়ন সমীক্ষা কার্যক্রমে নিয়োগকৃত ব্যক্তিবর্গের বিবরণ;
(ঝ) কর্মপরিকল্পনা ও সময়সীমা;
(ঞ) বাজেট (অনুমোদিত সমীক্ষা বাজেটের আলোকে বাজেট বিভাজন)
(ট) মূল্যায়ন সমীক্ষা পরিচালকবৃন্দের/গবেষকবৃন্দের জীবন বৃত্তান্ত।

২. মূল্যায়ন সমীক্ষা কার্যক্রমের কর্মপরিকল্পনা ও সময়সীমা

**২.১ মূল্যায়ন সমীক্ষার আগ্রহ ব্যক্তকরণ ও চুক্তি সম্পাদন কার্যক্রম**

মূল্যায়ন সমীক্ষাটি পরামর্শক নিয়োগের ক্ষেত্রে Selection under a Fixed Budget (FBS) পদ্ধতি অনুসরণ করা হবে এবং **আগ্রহ ব্যক্তকরণ, চুক্তি সম্পাদন এবং সমীক্ষা মূল্যায়ন প্রতিবেদন দাখিল কার্যক্রম** নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী পরিচালিত হবেঃ

| | |
|---|---|
| (ক) পত্রিকা/Website- এ আগ্রহ ব্যক্তকরণ আহ্বান করে বিজ্ঞপ্তি প্রকাশ | ঃ ২০ জানুয়ারি, ২০২০ |
| (খ) প্রস্তাব দাখিলের সর্বশেষ তারিখ | ঃ ০৯ ফেব্রুয়ারি, ২০২০ |
| (গ) প্রস্তাব মূল্যায়ন | ঃ ১৬ ফেব্রুয়ারি, ২০২০ |
| (ঘ) মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন | ঃ ১৭ ফেব্রুয়ারি, ২০২০ |
| (ঙ) চুক্তি সম্পাদন নোটিশ প্রদান | ঃ ২৩ ফেব্রুয়ারি, ২০২০ |
| (চ) চুক্তি সম্পাদন | ঃ ০১ মার্চ, ২০২০ |
| (ছ) কার্যক্রম শুরু | ঃ ০৮ মার্চ, ২০২০ |
| (জ) খসড়া মূল্যায়ন সমীক্ষা প্রতিবেদন উপস্থাপন | ঃ ২৮ মে, ২০২০ |
| (ঝ) চুড়ান্ত মূল্যায়ন সমীক্ষা প্রতিবেদন দাখিল | ঃ ১০ জুন, ২০২০ |
| (ঞ) কার্যক্রম সমাপ্ত | ঃ ৩০ জুন, ২০২০ |

তবে কর্তৃপক্ষ যুক্তিসংগত কারণে এ সময়সীমা পরিবর্তন করতে পারবেন।

**২.২ মূল্যায়ন সমীক্ষার চুক্তি স্বাক্ষর এবং কার্যক্রম আরম্ভ**

মূল্যায়ন সমীক্ষা প্রস্তাব অনুমোদনের পর এনআইএলজি'র পরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন) অনুমোদিত মূল্যায়ন সমীক্ষা প্রস্তাবের অনুকূলে চুক্তি স্বাক্ষর করবেন। চুক্তিতে বর্ণিত তারিখ থেকে মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম শুরু হয়েছে মর্মে গণ্য হবে।

**২.৩ মূল্যায়ন সমীক্ষা কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা**

পরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন) মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম বাস্তবায়ন পর্যবেক্ষণ করবেন। মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম পরিচালক মাসিক ভিত্তিতে সমীক্ষার অগ্রগতি প্রতিবেদন এনআইএলজি'র পরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন) এর নিকট দাখিল করবেন। এনআইএলজি'র মাসিক সমন্বয় সভায় সমীক্ষা কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হবে।

**২.৪ মূল্যায়ন সমীক্ষা প্রতিবেদনের স্বত্ব**

সমীক্ষা প্রতিবেদনের স্বত্ব ইনস্টিটিউটের নিকট ন্যস্ত থাকবে।

৩. **মূল্যায়ন সমীক্ষা পরিচালনার যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী**

(ক) সমীক্ষা কাজে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন যে কোন প্রতিষ্ঠান সমীক্ষা পরিচালনা করতে পারবে।

(খ) সমীক্ষায় জড়িত প্রতিষ্ঠানকে ঐ সমীক্ষার সকল দায়-দায়িত্ব বহন করতে হবে।

(গ) জাতীয় পর্যায়ে প্রশিক্ষণ ও গবেষণা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৪. **সমীক্ষা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা**

৪.১ **সমীক্ষা কার্যক্রমের বাজেট বরাদ্দ**

এনআইএলজি'র রাজস্ব বাজেটে প্রশিক্ষণ উপখাতে বরাদ্দ হতে সমীক্ষার যাবতীয় ব্যয় বহন করা হবে। সমীক্ষা প্রস্তাবের বাজেট হবে ভ্যাট ও আয়করসহ অনুর্ধ্ব ৮,৫০,০০০.০০(আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।

৪.২ **সমীক্ষা বাজেট বিভাজন**

সমীক্ষা বাজেট বিভাজনে নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকবে:

(ক) সমীক্ষা পরিচালক/গবেষকের সম্মানী।

(খ) সমীক্ষা সহকারী ও সহযোগীদের সম্মানী।

(গ) সমীক্ষা সহায়তা ব্যয় (যাতায়াত ও দৈনিক ভাতা, প্রতিবেদন মুদ্রণ ব্যয়, প্রচ্ছদ ও বাঁধাই ব্যয়, স্টেশনারী ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, জ্বালানী তেল ক্রয় ইত্যাদি)।

৪.৩ **সমীক্ষা কার্যক্রমের অর্থ প্রদান ও সমন্বয়করণ**

(ক) সম্পাদিত কার্যক্রমের অগ্রগতি সাপেক্ষে ৩(তিন) কিস্তিতে অর্থ প্রদান করা হবে। বিল ভাউচার প্রদান সাপেক্ষে ১ম ও ২য় কিস্তির চলতি বিল পরিশোধ করা হবে। চূড়ান্ত প্রতিবেদন দাখিল ও গৃহীত হওয়া সাপেক্ষে সর্বশেষ কিস্তির অর্থ ছাড় করা হবে।

(খ) কার্যাদেশ প্রাপ্ত [illegible]/প্রতিষ্ঠান এনআইএলজি থেকে বিল/ভাউচার দাখিল সাপেক্ষে ব্যয়িত অর্থের চেক গ্রহণ করবেন। বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষ আন্ত:খাত সমন্বয় করতে পারবে।

(গ) কোন কারণে সমীক্ষা কার্যক্রম অসম্পূর্ণ রেখে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী ও অন্যান্য ব্যয় (যদি গ্রহণ করে থাকেন) এনআইএলজি'তে ফেরত প্রদান করতে হবে।

(ঘ) অনুমোদিত সমীক্ষা কার্যক্রমে নিয়োজিত সমীক্ষক/গবেষক পরিবর্তনের ক্ষেত্রে এনআইএলজির অনুমোদন নিতে হবে।

(ঙ) চূড়ান্ত প্রতিবেদনের ১৫(পনের) কপি (হার্ড) ও সফট কপি জমা প্রদান করতে হবে।

৪.৪ কর্তৃপক্ষ যেকোন প্রস্তাব গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।